শুদ্ধাচার পুরস্কার (২০২১-২২) প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : আব্দুল জলিল, জেলা প্রশাসক, রাজশাহী

সভার স্থান : জেলা প্রশাসক, রাজশাহীর সম্মেলন কক্ষ

সভার তারিখ : ০৫ মে ২০২২ খ্রি.

সভার সময় : বিকাল ৪: ০০ ঘটিকা

(সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাকে জানান যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সাল থেকে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত কৌশল শুদ্ধাচারকে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ এবং কোন সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, প্রথা ও নীতির প্রতি আনুগত্য হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে। সভাপতি অদ্যকার সভার এজেন্ডা অনুযায়ী আলোচনা উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহীকে অনুরোধ করা হয়।

০২। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর ১.৭ নং ক্রমিকে শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদানে এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের বিধান রয়েছে। সে অনুযায়ী ২০২১-২২ অর্থবছরে অত্র কার্যালয় এবং আওতাধীন কার্যালয়ে কর্মরত কর্মচারীদের মধ্য থেকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য বিভিন্ন গ্রেডভূক্ত কর্মচারী নির্ধারণ করার জন্য অদ্যকার সভার আহবান করা হয়েছে। শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১ অনুযায়ী এই পুরস্কার প্রদান করা হবে। এ বিষয়ে উপস্থিত সকলের সুচিন্তিত পরামর্শ প্রদানের অনুরোধ করা হয়।

০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী সভাকে জানান যে, অত্র কার্যালয়ের আওতাধীন উপজেলা পর্যায় হতে একজন উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা/থানা পর্যায় হতে একজন সহকারী কমিশনার (ভূমি) কে মনোনয়ন প্রদান করা যেতে পারে।

০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী অভিমত ব্যক্ত করেন যে, শুদ্ধাচার পুরস্কার কর্মকর্তা/কর্মচারীদের কর্মে উৎসাহ প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীতে কর্মরত কর্মকর্তাদের মধ্য হতে একজন কর্মকর্তাকে এ পুরস্কারের জন্য মনোনয়ন দেওয়া যেতে পারে।

০৫। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী সভায় আলোকপাত করেন যে, অত্র কার্যালয়ে কর্মরত অফিস সহকারী/সম গ্রেডভূক্ত কর্মচারীবৃন্দ দাপ্তরিক অনেক কার্য সম্পাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তিনি অত্র কার্যালয়ের একজন অফিস সহকারী পদমর্যাদার কর্মচারীকে এ পুরস্কারের জন্য মনোনয়ন প্রদানের অভিমত ব্যক্ত করেন।

০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী বলেন, অত্র কার্যালয়ে কর্মরত কর্মচারীদের মধ্য হতে অফিস সহায়ক পদ মর্যাদার একজনকে এ পুরস্কারের জন্য মনোনয়ন দেওয়া যেতে পারে। এর ফলে তাদের মাঝে কর্মস্পৃহা আরও বাড়বে।

০৭। সার্বিক আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত ০১: ২০২১-২২ অর্থবছরে নিম্নোক্ত ছকে বর্ণিত কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়। এ বিষয়ে অফিস আদেশ জারি করে সংশ্লিষ্টদের অবহিত করতে হবে।

ক্র.নং	ক্যাটাগরি	কর্মকর্তা/কর্মচারীর নাম পদবি ও কর্মস্থল	গ্রেড	মূল বেতন	মন্তব্য
০১.	মাঠ পর্যায়ে উপজেলা কার্যালয়সমূহের প্রধানদের মধ্য হতে একজন	জনাব পাপিয়া সুলতানা উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহী	০৬	৪৩,১৬০/-	
০২.	উপজেলা/ থানা ভূমি অফিসসমূহের প্রধানদের মধ্য হতে একজন	জনাব শুভ দেবনাথ সহকারী কমিশনার (ভূমি), দূর্গাপুর, রাজশাহী	০৯	২৮,১০০/-	
০৩.	এ কার্যালয়ের ৩-৯ গ্রেডভূক্ত একজন কর্মচারী	জনাব সুমন চৌধুরী সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী	০৯	২৫,৪৮০/-	

ক্র.নং	ক্যাটাগরি	কর্মকর্তা/কর্মচারীর নাম পদবি ও কর্মস্থল	গ্রেড	মূল বেতন	মন্তব্য
০৪.	এ কার্যালয়ের ১০-১৬ গ্রেডভুক্ত একজন কর্মচারী	জনাব অসিত কুমার মন্ডল অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী	১৩	২৪,১১০/-	
০৫.	মাঠ পর্যায়ের কার্যালয়ের ১৭-২০ গ্রেড ভুক্ত একজন কর্মচারী	জনাব মো: রাজাজুর আহম্মেদ অফিস সহায়ক সার্কিট হাউস, রাজশাহী	২০	১২,২৪০/-	

বাস্তবায়নে: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী

সিদ্ধান্ত ০২: শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা-২০২১ যথাযথভাবে অনুসরন করে পুরস্কার প্রাপ্তদের পুরস্কারের ব্যবস্থা করতে হবে।

বাস্তবায়নে: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী

উপস্থিত সকলকে শুদ্ধাচার চর্চার মাধ্যমে দাপ্তরিক কাজে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নে সচেষ্ট থাকার মাধ্যমে দুর্নীতিমুক্ত, সুখী, সমৃদ্ধ উন্নত বাংলাদেশ বিনির্মানে কার্যকর ভূমিকা পালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪/৫/২২

আব্দুল জলিল
জেলা প্রশাসক
রাজশাহী
ফোন নং-০৭২১-৭৭২০৫০ (অফিস)
email: dcrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়রাজশাহী ,
(সাধারণ শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০১৩.০৭.০১২.২২-৪৭৬

তারিখ : ২২ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ মে ২০২২ খ্রস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন
০৫. পুলিশ সুপার, রাজশাহী
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
০৭. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/ সার্বিক/ শিক্ষা ও আইসিটি), রাজশাহী
০৮. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
০৯. অধ্যক্ষ, রাজশাহী কলেজ
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী
১১. উপজেলা নির্বাহী অফিসার (সকল),…………………, রাজশাহী
১২. সহকারী কমিশনার ভূমি (সকল),……………………, রাজশাহী
১৩. জনাব ………………………………………
………………………………………

০৪/৫/২২

জেলা প্রশাসক
রাজশাহী